

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.১৯

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮

১১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ১২/০৯/২০২১খি: তারিখ থেকে বিদ্যালয় পর্যায়ে সরাসরি শ্রেণি পাঠদান চালুর নিমিত্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবকসহ সংশ্লিষ্ট কর্মচারীদের নিয়ে মোবাইল ফোন/ভার্চুয়াল মাধ্যমে ওরিয়েন্টেশন/অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কোভিড-১৯ সংক্রমন পরিস্থিতিতে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়সমূহে আগামী ১২/০৯/২০২১খি: তারিখ থেকে সরাসরি শ্রেণি পাঠদান চালু করার নির্দেশনা রয়েছে। কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় কারিগরী ও পরামর্শক কমিটি'র সুপারিশ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে কোভিড-১৯ স্বাস্থ্যবিধি সংক্রান্ত একটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর [Standard Operating Procedure (SOP)] প্রস্তুত করে ইতোমধ্যে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এই স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর এর ৩নং অনুচ্ছেদ মোতাবেক প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ সরাসরি পাঠদান করার পূর্বে বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবকসহ সংশ্লিষ্ট কর্মচারীদের মোবাইল ফোন/ভার্চুয়াল মাধ্যমে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি অনুসরণে “করণীয় ও বর্জনীয়” সমূহ, সঠিকভাবে মাস্ক পরার নিয়মাবলী, যেসকল শিক্ষার্থীদের কোভিড-১৯ রোগের লক্ষণ থাকবে তাদের বাড়ীতে কোয়ারেন্টাইন/আইসোলেশনে থাকা এবং তাদের সেবা শূন্য করা নির্দেশনা প্রদান, যে সকল শিক্ষার্থী কোভিড-১৯ রোগের লক্ষণ নিয়ে বাড়ীতে কোয়ারেন্টাইন/আইসোলেশনে থাকবে তাদেরকে অনুপস্থিত হিসেবে গণ্য হবে না এতথ্যসমূহ অবহিত করতে হবে।

২। এমতাবস্থায়, উপরোল্লিখিত বিষয় ও নির্দেশনা মোতাবেক সরাসরি পাঠদান শুরু করার পূর্বে বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবকসহ সংশ্লিষ্ট কর্মচারীদের মোবাইল ফোন/ভার্চুয়াল মাধ্যমে ওরিয়েন্টেশন/অবহিতকরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।



১১-৯-২০২১

মনীষ চাকমা

পরিচালক

বিতরণ :

১) উপপরিচালক,

ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম


- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৩) সুপারিনটেনডেন্ট (সকল),
পিটিআই।
৪) উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা:
..... জেলা:
৫) ইন্সট্রাক্টর (সকল), উপজেলা রিসোর্স সেন্টার,
উপজেলা: জেলা:

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.১৯/১(১১)

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৮
১১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল)
২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৫) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]



১১-৯-২০২১

নাসরিন সুলতানা
সহকারী পরিচালক